চৌমাথা বন্ধ, ভোগান্তি

নিজস্ব সংবাদদাতা

মানবাজার

মানবাজার থেকে দোলাডাঙা পিকনিক স্পট এবং মুকুটমণিপুরের ডিয়ারপার্কে যাওয়ার রাস্তা সংস্কার শুরু হল। সে জন্য বুধবার থেকে মানবাজার চৌমাথার পূর্ব প্রান্তের রাস্তা বন্ধ করে দেওয়া হয়েছে। গার্ডরেল ও ফিতে দিয়ে রাস্তা আটকে দেয় পুলিশ। সিভিক কর্মীরা পথচারী ও সাইকেল-বাইক আরোহীদের ঘুরপথে যেতে অনুরোধ করছেন। এতে সমস্যায় পড়ার কথা জানাচ্ছেন বাসিন্দাদের একাংশ।

তবে বিডিও (মানবাজার ১) দেবাশিস ধর বলেন, "ভাল রাস্তা পেতে হলে কয়েকদিন একটু কষ্ট করতেই হবে। ধানাড়া অঞ্চলের দিকে যাতায়াতের জন্য বাইপাস ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।"

দু'টি উল্লেখযোগ্য পর্যটন কেন্দ্রে যাওয়ার রাস্তা গত কয়েক বছর ধরে ভেঙে যাওয়ায় বাসিন্দারা ক্ষুব্ধ হয়ে উঠেছিলেন। কয়েকবার পথ অবরোধও করা হয়। রাস্তা নির্মাণের দায়িত্বে থাকা সংস্থার তরফে সুমন্ত ঘোষ জানান, মানবাজারের চৌমাথা থেকে প্রায় ১২ কিমি রাস্তা সংস্কারের কাজ চলছে। রাস্তার বেশির ভাগ অংশ পাকা। তবে চৌমাথা থেকে ১১০০ মিটার রাস্তা ঢালাই করা হচ্ছে। ঢালাইয়ের অংশে দিন দশেক পরে ভারী গাড়ি যাতায়াত করতে পারবে।"

নামোপাড়ার বাসিন্দা প্রণব বন্দ্যোপাধ্যায় বলেন, "রাতের বেলায় রাস্তার কিছুটা করে অংশ ঢালাইয়ের কাজ চলছে। ভাল রাস্তা পেতে হলে কয়েক দিনের জন্য ভোগান্তি আমাদের সহ্য করতেই হবে।"

রাস্তা বন্ধ চৌমাথায়। *নিজস্ব চিত্র*

চাকরি উৎসব

শালতোড়া: শালতোড়া নেতাজি সেন্টিনারি কলেজে বুধবার চাকরি-উৎসব হল। একটি বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে কলেজের 'ট্রেনিং প্লেসমেন্ট অ্যান্ড অ্যাওয়ারনেস সেল' এর আয়োজন করেছিল। কলেজের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক মিলন মুখোপাধ্যায় জানান, কলেজের বর্তমান এবং প্রাক্তনীদের পাশাপাশি যোগ দেন বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার বিভিন্ন ডিগ্রি কলেজ, বিএড কলেজ এবং আইটিআই কলেজের পড়ুয়ারা। বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা ইন্টারভিউয়ের মাধ্যমে বাছাই প্রক্রিয়া চালান। কলেজের অধ্যক্ষ কিশোরকুমার বিসওয়ালা বলেন, "অনেক কর্মসংস্থানের খবর কর্মপ্রার্থীরা জানতে পারলেন।"

হুল দিবসের বৈঠক

খাতড়া: হুল দিবসের প্রস্তুতিতে বৈঠক হল খাতড়া মহকুমাশাসকের সভাকক্ষে।বুধবার বিকেলে ওই বৈঠকে ছিলেন রাজ্যের মন্ত্রী তথা স্থানীয় বিধায়ক ক্ষুদিরাম টুডু, বাঁকুড়ার জেলাশাসক অনীশ দাশগুপ্ত, মহকুমাশাসক তাপস ভট্টাচার্য-সহ জেলা, মহকুমা ও ব্লক স্তরের একাধিক আধিকারিক। এ বছর হুল দিবসের রাজ্যস্তরের অনুষ্ঠানটি বাঁকুড়ায় হতে চলেছে। ক্ষুদিরাম টুডু জানান, আগামী ৩০ জুন রাজ্য সরকারের উদ্যোগে মুকুটমণিপুরে হবে সেই অনুষ্ঠান। সিধো-কানহো-সহ সাঁওতাল বিদ্রোহের বীর যোদ্ধাদের শ্রদ্ধা জানাতে সব রকম প্রস্তুতি নিচ্ছে প্রশাসন।

সচেতনতার পাঠ পুলিশের। ঝালদার মহুলটাঁড় গ্রামে। বুধবার। *নিজস্ব চিত্র*

সচেতনতা শিবির

ঝালদা: কাজের টোপে নারী পাচারের অভিযোগ হামেশাই সামনে আসে। বিষয়টি নিয়ে জেলাবাসীকে সতর্ক করতে উদ্যোগী হল প্রশাসন। বুধবার ঝালদার হেঁসাহাতু পঞ্চায়েতের মহুলটাঁড় গ্রামে একটি সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়। ছিলেন এসডিপিও (ঝালদা) গৌরব ঘোষ, আইসি (ঝালদা) শেখ কুমার-সহ কয়েক জন পুলিশ আধিকারিক। বাল্যবিবাহ রোধ, সাইবার প্রতারণা, ডাইন প্রথা, মদ্যপান ও নেশার কুফল, শিশু সুরক্ষা-সহ বিভিন্ন সরকারি প্রকল্প নিয়ে আলোচনা হয়েছে। বেশ কয়েক দিন ধরে প্রাক্তিক গ্রামগুলিতে এই ধরনের জনসংযোগ কর্মসূচি করছে পুলিশ। বিভিন্ন জায়গায় বিলি করা হয়েছে জরুরি নম্বর সম্বলিত প্রচারপত্র। এ দিনের কর্মসূচি নিয়ে ওয়াকিবহাল মহলের মত, হেঁসাহাতু এলাকাতে এখনও বীরহোড় সম্প্রদায়ের মানুষের বসবাস রয়েছে। টানা প্রচারের পরেও তাদের একাংশকে সমাজের মূল স্রোতে আনা যায়নি। সচেতনতা শিবিরের মাধ্যমে ফের চেষ্টা চালাচ্ছে প্রশাসন।

চোলাই রুখতে

আড়ুশা ও বোরো: চোলাইয়ের কারবার রুখতে বুধবার আড়ুশা থানার কাঁটাডি, রাজপতি, নালাকোচা, মহুলটাড়ি, সিঁদুরপুর ও গোবিন্দপুরে একযোগে অভিযান চালাল আবদারি দফতরের বলরামপুর সার্কেল। ২০ লিটার চোলাই উদ্ধার হয়। ৩২০০ লিটার চোলাই তৈরির উপকরণ নষ্ট করা হয়। অন্য দিকে, পুলিশ এবং আবগারি দফতরের যৌথ অভিযানে পুরুলিয়ার জয়পুর থানার কালিকাপুর ও কাওয়াহারা গ্রাম থেকে উদ্ধার হয় প্রায় ১৫০ লিটার চোলাই। ৬০০ লিটার মদ তৈরির উপকরণও নষ্ট করা হয়েছে। একই অভিযান চালাল বোরোর জামতোড়িয়া ফাঁড়ির পুলিশ। মঙ্গলবার রাতে বোরোর বড়গোড়িয়া এলাকায় অভিযান চালিয়ে ৪০ লিটার চোলাই উদ্ধার করে নষ্ট করা হয়।

শিশুদের জন্য

পাঁচসায়র: শিশু শিক্ষা কেন্দ্রের একমাত্র শিক্ষক বছর খানেক আগে অবসর নেন। সেই থেকে তালা পড়েছিল পাঁচসায়র ব্লকের পড়াশিয়া শিশু শিক্ষা কেন্দ্রে। বাধ্য হয়ে গ্রামের প্রায় ৩৫ জন শিশুকে ভর্তি করা হয়েছিল তিন কিলোমিটার দূরের ধানসিমলা প্রাথমিক বিদ্যালয়ে। স্থানীয় বিজেপি নেতা অনুপ ঘোষ ব্লক প্রশাসনের সম্মতি নিয়ে বুধবার এক স্বেচ্ছাসেবী যুবকের সাহায্যে আবার চালু করলেন ওই শিশু শিক্ষা কেন্দ্র। অনুপ জানান, স্থায়ী শিক্ষক নিয়োগ না হওয়া পর্যন্ত এই অস্থায়ী ব্যবস্থা চালু থাকবে। বুধবার ছাত্রীদের মিষ্টি মুখ করিয়ে শুরু হল পঠনপাঠন।

মারধরে গ্রেফতার

বোরো: এক মহিলাকে মারধরের অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। ধৃত অমূল্য মাহালির বাড়ি বোরো থানার জরগড়িয়া গ্রামে। বুধবার তাঁকে আদালতে তোলা হয়। পুলিশ জানায়, জরগড়িয়াহাটে বাসিন্দা উপাশী মাহালি নামে এক মহিলা ধৃতের বিরুদ্ধে মঙ্গলবার মারধরের অভিযোগ করেন থানায়। মহিলার দাবি, কয়েক দিন আগে পথ আটকে তাঁকে বেধড়ক মারধর করেন অমূল্য ও তাঁর স্ত্রী। গুরুতর জখম হয়ে তাঁকে হাসপাতালে যেতে হয়। অভিযোগ পেয়ে মঙ্গলবার রাতেই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ।

নতুন কার্যালয়

বড়জোড়া: রক্তদান শিবিরের মাধ্যমে উদ্বোধন হল বিধায়কের কার্যালয়ের। বুধবার বিজেপি বিধায়ক বিল্বেশ্বর সিংহের বড়জোড়া কার্যালয়ের উদ্বোধন হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিজেপির বিষ্ণুপুর সাংগঠনিক জেলা সভাপতি তাপস বসু। রক্তদান করেন বড়জোড়া পঞ্চায়েতের বিরোধী দলনেতা গোবিন্দ ঘোষ, বিধায়কের নির্বাচনী এজেন্ট সোমনাথ কর-সহ ৪১ জন। বিধায়ক বিল্বেশ্বর পরে বলেন, "রক্তদান হল সবচেয়ে বড় সেবা। তাই এর মাধ্যমেই কার্যালয়ের উদ্বোধন করা হল।"

অপহরণের নালিশ

আড়শা: নাবালিকা নিখোঁজ হওয়ায় অপহরণের অভিযোগ তুলে থানায় গেল পরিবার। পুলিশ সূত্রে খবর, মঙ্গলবার পুরুলিয়ার জয়পুর থানায় অভিযোগটি দায়ের করেন ওই নাবালিকার বাবা। তাঁর দাবি, স্কুলে যাওয়ার জন্য বেরিয়ে আর ফেরেনি মেয়ে। এক যুবক তাঁকে অপহরণ করেছে বলে অভিযোগ তাঁর। তদন্ত শুরু করেছে পুলিশ।

প্রত্যন্ত এলাকায় শিক্ষার প্রসারই ছিল স্কুলের লক্ষ্য

শুভেন্দু তন্তুবায়

স্বাধীনতার পরে এক দশক পেরিয়ে গেলেও এলাকায় না ছিল স্কুল, না ছিল ভাল যোগাযোগ ব্যবস্থা। এই পরিস্থিতিতে ইঁদপুরের বগা ও তার পার্শ্ববর্তী গ্রামের অনেক পড়ুয়াই প্রাথমিকের পাঠ শেষে পড়াশোনা ছেড়ে দিত। তাদের কথা ভেবে স্কুল তৈরিতে উদ্যোগী হন কালাচাঁদ মণ্ডলের মতো শিক্ষানুরাগীরা। মণ্ডল পরিবারের দেওয়া জমিতে তাঁর ও অন্য শিক্ষানুরাগীদের চেষ্টায় ১৯৬১ সালে পথ চলা শুরু করে আজকের হাজার পড়ুয়ার ভরসা বগা হাই স্কুল।

বর্তমানে স্কুলের ছ'টি ভবনে রয়েছে ১৭টি শ্রেণিকক্ষ। প্রধান শিক্ষকের বসার ঘরের পাশাপাশি রয়েছে শিক্ষক-শিক্ষিকাদের বসার ঘর, ভূগোল, পুষ্টিবিজ্ঞান, ভৌত বিজ্ঞান ও কম্পিউটারের ল্যাবরেটরি। গড়ে উঠেছে সাংস্কৃতিক মঞ্চ ও ভাইনিং শেড। তবে পরীক্ষাগারগুলির আধুনিকীকরণের দাবি রয়েছে স্কুলে। ২২ জন শিক্ষক-শিক্ষিকা, এক জন করে পার্শ্বশিক্ষিকা, আইসিটি কম্পিউটার প্রশিক্ষক ও দু'জন অশিক্ষক কর্মী আছেন স্কুলে। প্রধান শিক্ষক, শারীরশিক্ষা বিভাগের এক জন শিক্ষক ও দু'জন চতুর্থ শ্রেণির কর্মীর পদ শূন্য।

ক্যাম্পাস

"স্কুলের দীর্ঘ ঐতিহ্য বজায় রাখার লক্ষ্যে পড়াশোনার পাশাপাশি, খেলাধুলো, সংস্কৃতি-চর্চা সব বিষয়েই গুরুত্ব দেওয়া হয়।"

বৈদ্যনাথ মণ্ডল, ভারপ্রাপ্ত শিক্ষক

আজ নানা প্রান্তে প্রতিষ্ঠিত হয়েছে নিরাপত্তার স্বার্থে স্কুলে বসানো হয়েছে সিসি ক্যামেরা।

এক সময়ে ছাত্রদের হস্টেল চালু থাকলেও দীর্ঘদিন তা বন্ধ। স্কুলে রয়েছে পানীয় জলের সমস্যাও। এই কারণে নলবাহিত জল সরবরাহের পাশাপাশি গভীর নলকূপ-সহ সাবমার্সিবল বসানোর দাবিও রয়েছে স্কুলে। ছেলেদের একটি শৌচাগার, স্কুলের তোরণ, মিডডে মিল রান্নার জায়গা ও সাইকেল শেড তৈরি দাবি রয়েছে স্কুলে। বাকি রয়েছে স্কুলের একাংশের সীমানা প্রাচীরের কাজও।

স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক বৈদ্যনাথ মণ্ডল বলেন, "স্কুলের দীর্ঘ ঐতিহ্য বজায় রাখার লক্ষ্যে পড়াশোনার পাশাপাশি, খেলাধুলো, সংস্কৃতি-চর্চা সব বিষয়েই গুরুত্ব দেওয়া হয়। তবে পড়াশোনার মান বজায় রাখতে পরিকাঠামো উন্নয়ন ও প্রধান শিক্ষক-সহ অন্য পদগুলিতে নিয়োগ প্রয়োজন।"

একাংশ শ্রেণির পড়ুয়া ময়ূয়া বাউরি বলে, "পড়াশোনার পাশাপাশি, খেলাধুলো, গান-বাজনা— সবেতেই শিক্ষকেরা আমাদের উৎসাহিত করেন।"

খোলা আকাশের নীচে পড়ুয়াদের সাইকেল (নীচে বাঁ দিকে), স্কুলের দেওয়ালে আঁকা পাঠ্যবিষয় (নীচে ডান দিকে), স্কুলের মুক্তমঞ্চ (উপরে)। *নিজস্ব চিত্র*

পঞ্জাব নैशनल बैंक punjab national bank
...भरोसे का प्रतीक ! ...the name you can BANK upon!

ই-অকশন সেল নোটিস

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি): পুরুলিয়া

এআরএমবি পুরুলিয়া, রাজা বাঁধ পাড়া, শশধর গাঙ্গুলী রোড, পুরুলিয়া (পশ্চিমবঙ্গ) – ৭২৩১০১, ই-মেল: CS8301@ PNB.BANK.IN

এসআই (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৯(১)-এর বিধানাবলির সহিত পঠিত রুল ৮(৬)-এর বিধানাবলি এবং সারফেইসি অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রয়ের জন্য ই অকশন সেল নোটিস

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করিয়া ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারেন্টর(গণ)-কে এতদ্বারা নোটিস দেওয়া হইতেছে যে, অত্র নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি জামিনযুক্ত পাওনাদারের নিকট রেহানবদ্ধ/চার্জযুক্ত রহিয়াছে, যাহার কনস্ট্রাক্টিভ/বাস্তবিক্য প্রতীকী দখল ব্যাঙ্কের অনুমোদিত অফিসার/জামিনযুক্ত পাওনাদারের কর্তৃপক্ষ করেছে। নিম্নের ঋণগ্রহীতাগণ ও পাওনাদারগণের নিকট বকেয়া উপভোগের নিমিত্ত অত্র নিম্নোক্ত সারণিতে উল্লেখিত তারিখে **"যেখানে যে অবস্থায় আছে", "যেখানে যাহা কিছু আছে"** এবং **"যেখানে যেরূপ প্রকার আছে"** ভিত্তিতে বিক্রয় করা হইবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের জন্য সংরক্ষিত মূল্য ও বায়না জমার পরিমাণ নীচের সারণিতে উল্লেখ করা হইল।

ই-অকশনের তারিখ/সময়: ১৭.০৭.২০২৬, বেলা ১১:০০টা হইতে বিকাল ০৪:০০টা পর্যন্ত এবং ইএমডি দাখিলের শেষ তারিখ: ১৭.০৭.২০২৬, সকাল ১০.৫৯টা পর্যন্ত।
এআরএমবি, পুরুলিয়া, শ্রী মুকেশ কুমার, চিফ ম্যানেজার (অনুমোদিত অফিসার), মোবাইল নং ৮৭৮৯৩৩৬৭৭১, ই-অকশন কালেকশন এ/সি-এর বিবরণ: অ্যাকাউন্টের নাম – আরটিজিএস-ইন্টারব্যাঙ্ক অ্যাকাউন্ট, এ/সি 830100317118A, (আইএফএসসি– PUNB08301000)

জামিনযুক্ত পরিসম্পদের তফশিল

লট নং	ব্রাঞ্চের নাম / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতা/গ্যারেন্টর-এর অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	রেহানবদ্ধ স্থাবর সম্পত্তির বিবরণ/মালিকের নাম [সম্পত্তিসমূহের বন্ধকদাতাগণ]	(ক) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারা অধীনে ডিমান্ড নোটিসের তারিখ (খ) বকেয়া অর্থের পরিমাণ, ___ তারিখমতো (গ) সারফেইসি অ্যাক্ট ২০০২-এর ১৩(৪) ধারা অধীনে দখলের তারিখ (ঘ) দখলের ধরন প্রতীকী/বাস্তবিক	(ক) সংরক্ষিত মূল্য (লক্ষ টাকায়) (খ) বায়না জমা (গ) ডাক বৃদ্ধির পরিমাণ
১।	কোতুলপুর ব্রাঞ্চ (০৫৭৪৯০) শ্রী সন্তু বাগ **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা:** শ্রী সন্তু বাগ, পিতা শ্রী মিলন বাগ **গ্যারেন্টার:** শ্রীমতী টিয়া বাগ, স্বামী শ্রী সন্তু বাগ **সকলের ঠিকানা:** গ্রাম – গাস্তি, পোঃআঃ – কোতুলপুর, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ – ৭২২১৪১।	নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ, জমি ও বিল্ডিং সমন্বিত, ২০১৮-এর রেজিস্টার্ড দলিল নং ২৮১, জে.এল. নং ৫৬, প্লট নং ১০৪৭, হাল নং ১৮৯, খতিয়ান নং ৯১, ১৫৪, ৯, ১৫৮, ১৪৯, ৮৯, ১১৩, ১৩৩ ও ২০৪, এল.আর. খতিয়ান নং ৯১, আয়তন ৩.০০ ডেসিমেল, অবস্থান: মৌজা – ফতেপুর, পোঃআঃ কোতুলপুর, গ্রাম পঞ্চায়েত – কোতুলপুর, থানা – কোতুলপুর, জেলা – বাঁকুড়া, শ্রী সন্তু বাগ, পিতা শ্রী মিলন বাগ-এর নামে। **চৌহদ্দি: উত্তরে** – বিকাশ ঘোষের সম্পত্তি, **দক্ষিণে** – ড্রেন, **পূর্বে** – ২৫ ফুট চওড়া পিচ্ছুটি রাস্তা, **পশ্চিমে** – নিমাই ঘোষের খালি জমি। ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ১৫.০৩.২০২৩ (খ) টাঃ ২৪,৮০,৭৯১.০০ (০৫.০৭.২০২১ তারিখমতো) তৎসহ ঠিকচুক্তি হারে আরও সুদ, উপ্তল বাদে (যদি থাকে), ০৫.০৭.২০২১ তারিখ হইতে, তদুপরি অন্যান্য চার্জ। (গ) ১০.০৬.২০২৩ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ১৪.৭২ লক্ষ (খ) টাঃ ১.৪৭ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
২।	কোতুলপুর ব্রাঞ্চ (০৫৭৪৯০) শ্রী দেপাল গোপ **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা:** শ্রী দেপাল গোপ, পিতা প্রয়াত মদন চন্দ্র গোপ **ঋণগ্রহীতা:** শ্রীমতী টুটু গোপ, স্বামী প্রয়াত মদন চন্দ্র গোপ **গ্যারেন্টার:** শ্রী বিকাশ চন্দ্র দিগার, পিতা শ্রী হরি সাধন দিগার **সকলের ঠিকানা:** গ্রাম ও পোঃআঃ মদনমোহনপুর, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ – ৭২২১৪১।	নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ, জমি ও বিল্ডিং সমন্বিত, দলিল নং ৭৭১/১৯৮৪, প্লট নং ৯২ (আয়তন ০.০৪ একর) এবং প্লট নং ৯৩ (আয়তন ০.০১ একর), খতিয়ান নং ১৫১০ ও ১৫১১, মোট আয়তন ০.০৫ একর (যাহার মধ্যে ০.০১ একর শ্রী বৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায়ের নামে এবং ০.০৩ একর শ্রী বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়ের নামে), অবস্থান: মৌজা – মুরার, জে.এল. নং ২০৪, বাঁকুড়া, ডি.এস.আর. বাঁকুড়া, মোঃ রাম কৃষ্ণ হাওড়েয়ার-এর অ্যাকাউন্টে। **চৌহদ্দি: উত্তরে** – শঙ্কর লাল ব্যানার্জির জমি, **দক্ষিণে** – ৯ ফুট কমন প্যাসেজ, পূর্বে – নব গরীর জমি, পশ্চিমে – অন্যান্যের বাড়ি। ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ১৬.০৮.২০১৩ (খ) টাঃ ২৯,০৩,১৫৯.৭৫ (১৬.০৮.২০১৩ তারিখমতো) তৎসহ ঠিকচুক্তি হারে আরও সুদ, উপ্তল বাদে (যদি থাকে), ০১.০৮.২০১৩ তারিখ হইতে, তদুপরি অন্যান্য চার্জ। (গ) ২২.১১.২০১৩ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ২৪.১৪ লক্ষ (খ) টাঃ ২.৪১ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৩।	বাঁকুড়া (০১৯২৬০) মোঃ রাম কৃষ্ণ হাওড়েয়ার স্টোর **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা:** মোঃ রাম কৃষ্ণ হাওড়েয়ার স্টোর **ঋণগ্রহীতা:** শ্রী বৈদ্যনাথ ব্যানার্জি, পিতা প্রয়াত রামপদি ব্যানার্জি **গ্যারেন্টার ও বন্ধকদাতা:** শ্রী বিশ্বনাথ ব্যানার্জি, পিতা প্রয়াত রামপদি ব্যানার্জি **সকলের ঠিকানা:** কেউচাডাঙ্গা, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ – ৭২৫১০১।	নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ, জমি ও বিল্ডিং সমন্বিত, দলিল নং ৭৭১/১৯৮৪, প্লট নং ৯২ (আয়তন ০.০৪ একর) এবং প্লট নং ৯৩ (আয়তন ০.০১ একর), খতিয়ান নং ১৫১০ ও ১৫১১, মোট আয়তন ০.০৫ একর (যাহার মধ্যে ০.০১ একর শ্রী বৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায়ের নামে এবং ০.০৩ একর শ্রী বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়ের নামে), অবস্থান: মৌজা – মুরার, জে.এল. নং ২০৪, বাঁকুড়া, ডি.এস.আর. বাঁকুড়া, মোঃ রাম কৃষ্ণ হাওড়েয়ার-এর অ্যাকাউন্টে। **চৌহদ্দি: উত্তরে** – শঙ্কর লাল ব্যানার্জির জমি, **দক্ষিণে** – ৯ ফুট কমন প্যাসেজ, পূর্বে – নব গরীর জমি, পশ্চিমে – অন্যান্যের বাড়ি। ***দখল কনস্ট্রাক্টিভ***	(ক) ১৬.০৮.২০১৩ (খ) টাঃ ২৩,০৩,১৫৯.৭৫ (১৬.০৮.২০১৩ তারিখমতো) তৎসহ ঠিকচুক্তি হারে আরও সুদ, উপ্তল বাদে (যদি থাকে), ০১.০৮.২০১৩ তারিখ হইতে, তদুপরি অন্যান্য চার্জ। (গ) ২২.১১.২০১৩ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ১৪.১৪ লক্ষ (খ) টাঃ ১.৪১ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৪।	মেজিয়া থার্মাল পাওয়ার স্টেশন (১৪৮৭১০) **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা:** শ্রী সুভদ্রময় মাজি, পিতা শ্রী ভূতনাথ মাজি **ঠিকানা:** গ্রাম – সনাসনপুর, পোঃআঃ চৌশাল, থানা – গঙ্গাজলঘাটি, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ – ৭২২১৪১।	নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ, জমি ও বিল্ডিং সমন্বিত, ২০০৯-এর দলিল নং ১৬৬১, আয়তন – ০৯.০০ ডেসিমেল, অবস্থান: মৌজা – বাসুদেবপুর, জে.এল. নং ১৩, খতিয়ান নং ৭৬৫, দাগ নং ৪৬৭, থানা – গঙ্গাজলঘাটি, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, শ্রী সুভময় মাজির নামে। ***দখল প্রতীকী***	(ক) ০৩.১১.২০১৬ (খ) টাঃ ২১,৩৯,১৭৪.০০ (৩০.০৯.২০১৬ তারিখমতো) তৎসহ ঠিকচুক্তি হারে আরও সুদ, উপ্তল বাদে (যদি থাকে), ০১.১০.২০১৬ তারিখ হইতে, তদুপরি অন্যান্য চার্জ। (গ) ১৫.০৯.২০১৯ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ১৬.৯৯ লক্ষ (খ) টাঃ ১.৬৩ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ
৫।	মেজিয়া থার্মাল পাওয়ার স্টেশন (১৪৮৭১০) **শ্রী রবিন্দ্র নাথ বিশ্বাস** **ঋণগ্রহীতা:** শ্রী প্রসেনজিৎ বিশ্বাস, পিতা প্রয়াত ইরেন্দ্র নাথ বিশ্বাস গ্রাম – মালিয়াডা, পোঃআঃ – মালিয়াডা, থানা – গঙ্গাজলঘাটি, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ – ৭২২১৪৯। **গ্যারেন্টার ও বন্ধকদাতা:** শ্রী রবি লোচন মাজি, পিতা শ্রী ভূতনাথ মাজি গ্রাম – সনাসনপুর, পোঃআঃ – চৌশাল, থানা – গঙ্গাজলঘাটি, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ – ৭২২১৪১।	নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ, জমি ও বিল্ডিং সমন্বিত, ২০০৯-এর দলিল নং ১৬৬১, আয়তন – ০৯.০০ ডেসিমেল, অবস্থান: মৌজা – বাসুদেবপুর, জে.এল. নং ১৩, খতিয়ান নং ৭৬৫, দাগ নং ৪৬৭, থানা – গঙ্গাজলঘাটি, জেলা – বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, শ্রী রবি লোচন মাজি, পিতা শ্রী ভূতনাথ মাজির নামে। ***দখল প্রতীকী***	(ক) ০৩.১১.২০১৬ (খ) টাঃ ২১,০০,৯৯১.৭৫ (৩০.০৯.২০১৬ তারিখমতো) তৎসহ ঠিকচুক্তি হারে আরও সুদ, উপ্তল বাদে (যদি থাকে), ০১.১০.২০১৬ তারিখ হইতে, তদুপরি অন্যান্য চার্জ। (গ) ২৭.০৯.২০২০ (ঘ) প্রতীকী দখল	(ক) টাঃ ১০.৯১ লক্ষ (খ) টাঃ ১.০৯ লক্ষ (গ) টাঃ ০.১০ লক্ষ

শর্তাবলি
বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-তে নির্ধারিত শর্তাবলি এবং নিম্নোক্ত আরও শর্ত সাপেক্ষ হইবে:
১। সম্পত্তিসমূহ **"যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে"** এবং **"যেখানে যাহা কিছু আছে ভিত্তিতে"** ও **"যেখানে যেরূপ প্রকার আছে ভিত্তিতে"** বিক্রয় করা হইবে।
২। উপরোক্ত তফশিলে নির্ধারিত জামিনযুক্ত পরিসম্পদের বিবরণ অনুমোদিত অফিসারের সর্বোত্তম তথ্যমতো বিবৃত করা হইয়াছে, তবে অনুমোদিত অফিসার এই ঘোষণায় কোনও প্রমাদ, ভুল বিবৃতি বা বাদ পড়িবার জন্য জবাবদেহি করিবেন না।
৩। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বিক্রয় উপরোক্ত তারিখ ও সময়ে ওয়েবসাইট **https://baanknet.com**-তে ব্যবস্থিত ই-অকশন প্ল্যাটফর্ম মারফত করা হইবে।
৪। বিক্রয়ের বিশদ শর্তাবলির জন্য দেখুন **https://baanknet.com** এবং **www.pnb.bank.in**
৫। জামিনযুক্ত পাওনাদারের নিকট জ্ঞাত দায়ের বিবরণ: **জ্ঞাত নহে।**

তারিখ: ১৮.০৬.২০২৬
স্থান: পুরুলিয়া

অনুমোদিত অফিসার
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, জামিনযুক্ত পাওনাদার

সারফেইসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬) অধীনে সংবিধিবদ্ধ সেল নোটিস

আনন্দবাজার পত্রিকা

ইত্যাদি

শুভেচ্ছা

শ্রীমতী অনিন্দিতা ভট্টাচার্য ১৫ মে, ২০২৬ তারিখে অসম বিশ্ববিদ্যালয়, শিলচর থেকে ভিজ্যুয়াল আর্টস বিষয়ে **ডক্টর অব ফিলোসফি** (পিএইচ.ডি.) ডিগ্রি অর্জন করেছেন। তিনি "An Analytical Studz on the Mythical Seals and Sealing of Indus Valley Civilization" শীর্ষক গবেষণাকর্মের জন্য এই ডিগ্রি লাভ করেন।
শ্রীমতী ভট্টাচার্য ড. সুদীপ কুমার পালের সহধর্মিণী, স্বর্গীয় ভোলানাথ পালের নাতবধূ, স্বর্গীয় ড. সুভাষ চন্দ্র পাল ও শ্রীমতী ডালি পালের ভাইপোবধূ, শ্রী স্বপন কুমার পাল ও শ্রীমতী দীপালী পালের পুত্রবধূ, এবং শ্রী প্রশান্ত পাল ও শ্রীমতী বন্দনা রানি পালের ভাইপোবধূ। তাঁদের স্থায়ী ঠিকানা মামড়া, জেলা-বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪৯। তাঁর এই গৌরবময় সাফল্যে পরিবার, আত্মীয়-স্বজন, শিক্ষকবৃন্দ, বন্ধু-বান্ধব ও শুভানুধ্যায়ীরা আনন্দিত। সকলের পক্ষ থেকে তাঁকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয়েছে।

নাম পরিবর্তন

I, Reosi Dey D/o. Rajib Dey Residence at B. Phari Lane, Noon Gola Road Bankura, PO + Dist-Bankura. shall henceforth be known as Rajib Dey as declared before the First Class Judicial Magistrate Bankura Court Dist-Bankura WB. Vide affidavit on Date 08.06.26 Rajib Kumar Dey and Rajib Dey both are same and one identical person
AG164AGG164 — 00216228

আমি সুরেশ মাঝি, গ্রাম:-আন্দুলপুর, পো:-আমরুল, থানা:-ইন্দাস, জেলা- বাঁকুড়া। আমার মেয়ে তপুর মাঝির জন্ম সার্টিফিকেটে বাবার নাম সুরেশ মাঝির পরিবর্তে ভ্রমর মাঝি এবং মায়ের নাম নয়নতারা মাঝির পরিবর্তে নয়ন মাঝি হয়ে গেছে ২০/০৫/২০২৬ তারিখে বিষ্ণুপুর নতকুমা বিচার বিভাগের প্রথম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের এফিডেভিট দ্বারা সুরেশ মাঝি (Suresh Majhi) এবং ভ্রমর মাঝি (Bhramar Majhi) ও নয়নতারা মাঝি (Nayantara Majhi) এবং নয়ন মাঝি (Nayan Majhi) এক এবং অভিন্ন ব্যক্তি বলে প্রমাণিত হলো।
AG164AGG164 — 00216227

I, Dilip Dubey S/O Late Ganendranath Dubey residing at Nimtard Mission Road, Ward No. 5, Purulia Municipality, P.O- Purulia, P.S.- Purulia (T), Dist-Purulia, (W.B) 723101 do hereby declare that I have changed my name from Dilip Dubey to Dilip Kumar Dubey and henceforth I